



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

BANGLADESH WATER DEVELOPMENT BOARD



বোর্ড সচিবালয়

পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন: +৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd



Board Secretariat

PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-৪৮৩

তারিখ: ২৪ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
০৯ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

দপ্তরাদেশ


বাপাউবোর আওতাধীন বিভিন্ন এলাকায় অবস্থিত সেচ অবকাঠামোর মেরামত কাজ যথাসময়ে সম্পন্ন করা না হলে সুষ্ঠু সেচ প্রদান বাধাগ্রস্ত হবে। তাই সেচ প্রকল্পসমূহের সেচ খালসহ অন্যান্য অবকাঠামোর প্রয়োজনীয় মেরামত কাজ যথাসময়ে সম্পন্ন করা অতীব জরুরী।

২। উল্লেখ্য, বোরো মৌসুমের জাতগুলোর উপযুক্ত রোপণ সময় ১৫ ডিসেম্বর থেকে ১৫ জানুয়ারী। যেসব জাতের জীবনকাল ১৫০ দিনের বেশি সেগুলোর বীজ ১ নভেম্বর থেকে বীজতলায় বপন শুরু করা উচিত এবং যেসব জাতের জীবনকাল ১৫০ দিন বা তার কম সেগুলোর বীজ বপন করতে হবে ১৫ নভেম্বরের পর। ভাল ফলন পেতে হলে বোরো ধান অবশ্যই জানুয়ারীর শেষ সপ্তাহের মধ্যে রোপণ শেষ করতে হবে। নতুবা লক্ষ্যমাত্রা অনুযায়ী বোরো ধানের ফলনের সাফল্য অর্জন করা বাধাগ্রস্ত হবে।

৩। এমতাবস্থায়, সেচের সাফল্য অর্জন তথা ধানের কাজিত ফলন পাওয়ার লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরে আসন্ন বোরো মৌসুমে সেচ প্রকল্পসমূহে সুষ্ঠুভাবে ও সময়মত সেচ প্রদানের লক্ষ্যে সেচখালসহ অন্যান্য অবকাঠামোর প্রয়োজনীয় মেরামত কাজ আগামী ১৫ ডিসেম্বর/২০২৩ এর মধ্যে সম্পন্ন করার জন্য আদিষ্টমতে নির্দেশ প্রদান করা হলো।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

নির্বাহী প্রকৌশলী (পুর)
..... পওর বিভাগ
বাপাউবো,



(ওবায়দুল ইসলাম)
পরিচালক (বোর্ড)

স্মারক নং : ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-৪৮৩

তারিখ : ০৯ নভেম্বর, ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী....., বাপাউবো,
- ২। প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,, বাপাউবো,
- ৪। পরিচালক, পওর/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ✓ ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের নিমিত্ত)।
- ৭। মুখ্য সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো,
- ৮। উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো,
- ৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ১০। দপ্তর কপি।


০৯-১১-২০২৩
(মোঃ সিরাজুল ইসলাম)
উপ-পরিচালক (বোর্ড)